

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

অর্ধ-বার্ষিক পরীক্ষা- ২০২০

শ্রেণিঃ চতুর্থ

বিষয়ঃ গণিত

নমুনা প্রশ্ন

বি.দ্র: যোগ্যতাভিত্তিক প্রশ্নের কোনে সাজেশন হয় না। শুধুমাত্র শিক্ষার্থীদের বোঝার জন্য কিছু নমুনা প্রশ্ন দেওয়া হয়েছে।

বড় সংখ্যা ও স্থানীয় মান+যোগ ও বিয়োগ

- সংখ্যা ক্রম ও সংখ্যার মধ্যকার ছোট বড় তুলনার জন্য কোনটি খুব দরকার? উত্তর: সংখ্যারেখা
- তোমার বোনের বয়স ৬ বছর হলে ৩ বছর পূর্বে তার বয়স কত ছিল?
- চার অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও পাঁচ অংকের বৃহত্তম সংখ্যার পার্থক্য কত?
- অঙ্কে লিখলে ডানদিক থেকে কয়টি অঙ্কের আগে প্রথম কমা (,) দিতে হয়? উত্তর: ৩
- সংখ্যারেখার ডানে গেলে সংখ্যার মান কেমন হয়? উত্তর: বাড়ে
- কোনো কিছু থেকে বাদ দিলে কোন প্রক্রিয়ায় যেতে হবে?
- বিয়োজন, বিয়োজ্য ও বিয়োগফল নির্ণয়ের সূত্রটি লিখ।
- বিয়োজন নির্ণয়ের সূত্রটি লিখ।
- বিয়োজ্য নির্ণয়ের সূত্রটি লিখ।
- বিয়োগফল নির্ণয়ের সূত্রটি লিখ।

যোগ্যতাভিত্তিক প্রশ্ন

১। নিচের সাতটি নম্বর কার্ড ব্যবহার করে সাত অঙ্কের সংখ্যা তৈরি করতে হবে:

০	৫	৬	৮	৭	৩	৯
---	---	---	---	---	---	---

ক. বৃহত্তম সংখ্যাটি তৈরি কর।

খ. ক্ষুদ্রতম সংখ্যাটি তৈরি কর।

গ. বৃহত্তম জোড় সংখ্যাটি তৈরি কর।

ঘ. বৃহত্তম বিজোড় সংখ্যাটি তৈরি কর।

২। আবু বকর ছয়টি কার্ড যথা

৬	৫	০	৯	২	৮
---	---	---	---	---	---

দিয়ে ছয় অঙ্কের বৃহত্তম সংখ্যা তৈরি করল।


ক) কার্ডের অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যাটি লিখ।

খ) কার্ডের অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি লিখ।

গ) কার্ডের অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম জোড় সংখ্যা লিখ।

ঘ) কার্ডের অঙ্কগুলো দ্বারা গঠিত ক্ষুদ্রতম বিজোড় সংখ্যা লিখ।

৩।



ক) স্কেলের প্রতিটি দাগের পার্থক্য কত?

খ) প্রদত্ত সংখ্যারেখার 'ক' এবং 'খ' স্থানের সংখ্যা দুটি কত?

গ) ৩ টি ১ হাজার, 'খ' স্থানের সংখ্যা এবং 'গ' স্থানের সংখ্যা দ্বারা গঠিত সংখ্যাটি নির্ণয় কর।

ঘ) 'গ' থেকে প্রাপ্ত সংখ্যাটির স্থানীয় মান নির্ণয় কর।

৪। রজন স্যার একটি স্কুলের গণিতের শিক্ষক। তার ছেলেকে তাকে একটি অঙ্ক করাতে গিয়ে ২, ৩, ৫, ৭ ও ৪ এ পাঁচটি অঙ্ক ব্যবহার করলেন।

ক. অঙ্কগুলো দ্বারা গঠিত সংখ্যাটি কত?

খ. একবার নিয়ে গঠিত বৃহত্তম সংখ্যাটিকে তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা দিয়ে ভাগ করলে কত অবশিষ্ট থাকবে?

গ. একবার নিয়ে গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটিকে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা দিয়ে ভাগ কর।

৫। একটি গুদাম ঘরে ৮৩৭৫ দস্তা চিনি, ১১৮৬০ বস্তা গম এবং ১২৭২০ বস্তা চাউল আছে।

(ক) গুদামে গমের চেয়ে চাউলের বস্তা কতটি বেশি আছে?

(খ) গুদামে মোট কতটি বস্তা আছে?

(গ) গুদামে আরও ২৪০ বস্তা গম ও ৪০০ বস্তা চাউল আনা হলে মোট কত বস্তা হবে?

৬। একটি বনে একটি বট গাছ ও একটি পাইন গাছ আছে। ১৫০ বছর পূর্বে গাছ দুইটির বয়সের যোগফল ছিল ২৯৬১ বছর। বর্তমানে পাইন গাছটির বয়স ১৪৩২ বছর।

ক) বর্তমানে গাছ দুইটির বয়স একত্রে কত? উত্তর: ৩২৬১ বছর

- খ) বর্তমানে বট গাছটির বয়স কত? উত্তর: ১৮২৯ বছর
 গ) ২০০ বছর পর পাইন গাছটির বয়স কত? উত্তর: ১৬৩২
 ৭। মা ও মেয়ের বর্তমান বয়সের সমষ্টি ১১২ বছর। ১৩ বছর পূর্বে মেয়ের বয়স ছিল ২৭ বছর।
 (ক) মেয়ের বর্তমান বয়স কত?
 (খ) মায়ের বর্তমান বয়স কত?
 (গ) ৮ বছর পর মায়ের বয়স কত হবে তা নির্ণয় কর।

গুণ ও ভাগ

- ১। গুণ কীসের সংক্ষিপ্ত রূপ ?
 ২। যে সংখ্যা দ্বারা গুণ করা হয় তার নাম কী?
 ৩। কোনো সংখ্যাকে শূন্য দ্বারা গুণ করলে গুণফল কত হবে?
 ৪। ১০টি ১০ টাকার নোট সমান কত টাকা?
 ৫। $১২৩ \times ১১০ = \square$ ফাঁকা ঘরে কোন সংখ্যাটি বসবে?
 ৬। $১১০০ \times ২০০ =$ কত?
 ৭। ৬২৭৩×৯৯৯ কে সহজ পদ্ধতিতে গুণ করার প্রক্রিয়াটি লেখ।
 ৮। সহজ পদ্ধতিতে গুণ করতে ৯৯৯ সমান কত লিখতে হবে?
 ৯। মাতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। পুত্রের বয়স ১৫ বছর হলে, মাতার বয়স কত?
 ১০। একটি বইয়ে ১২৬টি পৃষ্ঠা আছে। এরূপ ২০টি বইয়ের পৃষ্ঠা সংখ্যা কত?

যোগ্যতাভিত্তিক প্রশ্ন

- ১১। সামাদ সাহেবের মাসিক বেতন ২৫,০০০ টাকা। তিনি মাসে বাড়ি ভাড়া বাবদ ৮,৫০০ টাকা সংসার খরচ বাবদ ১১,৫০০ টাকা ব্যয় করেন। বাকি টাকা ব্যাংকে জমা রাখেন।
 (ক) সামাদ সাহেবের বেতন বছরে কত টাকা?
 (খ) তিনি ২ মাসে মোট কত টাকা খরচ করেন?
 (গ) ৬ মাসে সংসার খরচ বাবদ তিনি কত টাকা খরচ করেন?
 (ঘ) তিনি প্রতি মাসে ব্যাংকে কত টাকা জমা রাখেন?
 ২। রেদোয়ান সাহেব ৪০ টাকা কেজি দরে ১৫ কেজি চাল, ৫০৪ টাকায় ১২ কেজি চিনি কিনলেন। এছাড়াও ২ কেজি সয়াবিন তেল কিনে দোকানদারকে ১,৫০০ টাকা দিলেন, দোকানদার তাকে ৯৬ টাকা ফেরত দিলেন।
 (ক) তিনি মোট কত টাকার জিনিস কিনলেন?
 (খ) ১৫ কেজি চালের দাম কত?
 (গ) ২ কেজি সয়াবিন তেলের দাম কত?
 ৩। একজন শ্রমিক সপ্তাহে ১,৪০০ টাকা আয় করেন। এ তথ্য ব্যবহার করে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:
 (ক) তিনি এক দিনে কত টাকা আয় করেন?
 (খ) তিনি এক মাসে (৩০ দিনে) কত টাকা আয় করেন?
 (গ) তিনি এক বছরে (৩৬৫ দিনে) কত টাকা আয় করেন?
 (ঘ) তিনি কত দিনে ৩,০০০ টাকা আয় করবেন?
 ৪। একটি ঝুড়িতে ১৫০টি আম আছে। এরূপ ১০টি ঝুড়ির আম থেকে সুমনকে ৪৭৫টি এবং রুনাতে ৫৭৫টি আম দেওয়া হলো। বাকি আমগুলো অনামিকাকে দেওয়া হলো।
 (ক) অনামিকা কতটি আম পেল?
 (খ) অনামিকা কয় ঝুড়ি আম পেল?
 (গ) তাদের তিন জনের মোট আমের সংখ্যার ৫ গুণ কত?

৫। তোমার কাছে ২৭৮৪ টি পুঁতি আছে। একটি মালা তৈরী করতে ৯৮ টি পুঁতি লাগে।

ক) ৪ টি মালা তৈরী করতে কতটি পুঁতি লাগবে?

খ. সবগুলো পুঁতি ব্যবহার করে সর্বোচ্চ কতটি মালা তৈরী করা যাবে?

গ) ১ টি মালা তৈরী করতে যদি ১০৫টি পুঁতি ব্যবহার করা হয়, তবে সর্বোচ্চ কতটি মালা তৈরী করা যাবে?

৬। ১০০ লিচুর দাম ২০০ টাকা হলে, এরূপ-

(ক) ১ টি লিচু দাম কত?

(খ) ৭৫ টি লিচুর দাম কত?

(গ) ১০ টাকায় কয়টি লিচু কেনা যাবে?

(ঘ) ৫০ টাকায় কয়টি লিচু কেনা যাবে?

৭। শীমার টাকার ৯ গুণ টাকা শশীর কাছে আছে। শীমার টাকার ১২ গুণ টাকা সুমির কাছে আছে। শীমার কাছে ১২৫ টাকা আছে।

ক. শীমার টাকার ৫ গুণ সমান কত ?

খ. শশীর কাছে কত টাকা আছে ?

গ. সুমির কাছে কত টাকা আছে ?

৮। একটি গুদামে ৯১২ X ৮ লিটার তেল আছে। প্রতি লিটার তেলের মূল্য ১১৮ টাকা।

ক. ৯১২ X ৮ এর গুণ্য ও গুণক কোনটি?

খ. এরূপ দৈর্ঘ্যে গুদামে কত লিটার তেল ধরবে?

গ. গুদামের তেলের মূল্য নির্ণয় কর।

৯। একটি বুড়িতে ১৫০টি আম আছে। এরূপ ১০টি বুড়ির আম থেকে সুমনকে ৪৭৫টি এবং রুনাকে ৫৭৫টি আম দেওয়া হলো। বাকি আমগুলো অনামিকাকে দেওয়া হলো।

ক. অনামিকা কতটি আম পেল?

খ. অনামিকা কয় বুড়ি আম পেল?

গ. তাদের তিন জনের মোট আমের সংখ্যার ৫ গুণ কত?

১০। মিরাজ ও মাহমুদের বয়সের সমষ্টি ৮৮ বছর। মিরাজের বয়স মাহমুদের বয়সের ৩ গুণ।

(ক) মিরাজ ও মাহমুদের বয়সের সমষ্টি মাহমুদের বয়সের কত গুণ?

(খ) মাহমুদের বয়স কত?

(গ) ৫ বছর পর মিরাজের বয়স কত হবে?

১১। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ এবং দুজনের বয়স একত্রে ৪০ বছর।

ক. পুত্রের বয়স কত?

খ. পিতার বয়স কত?

গ. ৬ বছর পর কার বয়স কত হবে?

১২। একটি গরুর মূল্য ৭টি খাসির মূল্যের সমান। একটি খাসির মূল্য ৬৭৫০ টাকা।

ক. ৭টি খাসির মূল্য কত?

খ. ৩টি গরুর মূল্য কত?

গ. ১টি গরু ও ৩টি খাসির মূল্যের পার্থক্য কত?

ঘ. প্রতিটি গরুর মূল্য ৫০০ টাকা বেশি হলে ৫টি গরুর মূল্য কত?

১৩। ৩৫টি বস্ত্রের প্রতিটিতে ৫০০টি করে ফুটবল ম্যাচের টিকিট আছে। প্রতিটি টিকিটের দাম ২০০ টাকা।

ক) মোট কতটি টিকিট আছে?

খ) টিকিটের মোট মূল্য কত?

গ) যদি ২৫টি বস্ত্রের প্রতিটিতে ২৫০ টি করে ফুটবল ম্যাচের টিকিট থাকে তাহলে টিকিটের মোট মূল্য কত?

যোগ, বিয়োগ গুণ ও ভাগ সম্পর্কিত সমস্যা

১। সোহাগ ৭০,০০০ টাকা দিয়ে একটি মোটর সাইকেল ক্রয় করে। মোটর সাইকেলটির রেজিস্ট্রেশন ববদ ১৫০০ টাকা ও মেরামত ববদ ৮০০ টাকা খরচ হলো।

(ক) মেরামত খরচ ৮০০ টাকা না হলে সোহাগের মোটর সাইকেলে কত টাকা ব্যয় হতো?

(খ) মোটর সাইকেলটি ৯৫,০০০ টাকায় বিক্রি করলে, তার কত টাকা লাভ হবে?

(গ) যদি মোটর সাইকেলটি ৪২,০০০ টাকায় বিক্রি করা হয়, তবে সোহাগের ক্ষতির পরিমাণ কত হবে?

২। রহিমা সেলাই করে প্রতিদিন ১২৫ টাকা অর্জন করে। সে সেলাইয়ের বাইরেও কাপড় বিক্রি করে। যেখানে ১ ঘন্টা শ্রম দিলে ৫৫ টাকা পায়।

(ক) সেলাই করে রহিমা ৩ দিনে কত টাকা পায়?

(খ) প্রতিদিন ১ ঘন্টা করে কাপড় বিক্রি করলে সেলাইসহ রহিমা ৭ দিনে কত টাকা পাবে?

(গ) রহিমা প্রতিদিন ২ ঘন্টা করে কাপড় বিক্রি করলে ১ দিনের উপার্জন কত হবে?

৩। ১৬০ জন লোকের মাঝে ১২০০০ টাকা সমান ভাগে ভাগ করে দেওয়া হলো।

(ক) প্রত্যেককে কত টাকা করে দেওয়া হয়েছে?

(খ) প্রত্যেকে ১২৫ টাকা করে পেলে লোকসংখ্যা কত হবে?

(গ) টাকার পরিমাণ দ্বিগুণ করা হলে প্রত্যেকে কত টাকা করে পাবে?

৪। ৪টি মুরগি এবং ৩টি হাঁসের দাম একত্রে ৬৩৯ টাকা। ১টি হাঁসের দাম ৮৫ টাকা।

(ক) ৩টি হাঁসের দাম কত?

(খ) ৪টি মুরগির দাম ৩টি হাঁসের দাম অপেক্ষা কত বেশি?

(গ) ১টি হাঁসের দাম ৯০ টাকা হলে ১টি মুরগির দাম কত?

৫। সেলিম তার মুরগির খামার থেকে ১৮৫টি মুরগি বিক্রয় করলেন। তিনি প্রতিটি মুরগির জন্য ২৭৫ টাকা করে পেলেন।

(ক) তিনি মুরগি বিক্রয় করে কত টাকা পেলেন?

(খ) প্রত্যেকটি মুরগি যদি ২৫ টাকা বেশি দামে বিক্রয় করেন তাহলে মোট কত টাকা হবে?

(গ) বিক্রি করা মুরগির সংখ্যা ২২০টি বৃদ্ধি পেলে তিনি মোট কত টাকা পাবেন?

৬। ভাজ্য ৭৮৮, ভাজক ২৫।

ক) ভাজক ও ভাজ্য কাকে বলে?

খ) ভাগফল কত?

গ) ভাজ্য ৭৫০ হলে ভাগফল কত?

৭। এক ব্যক্তি বাজারে গিয়ে ৩ লিটার তেল এবং প্রতি কেজি ৩৫ টাকা দরে ৫ কেজি চাল কিনলেন। এতে তার মোট ৫০৫ টাকা খরচ হলো।

(ক) ৫ কেজি চালের দাম কত?

- (খ) ৩ লিটার তেলের দাম বের কর।
 (গ) যদি তিনি প্রতি কেজি চাল ৩৮ টাকা দরে কিনেন তাহলে তার মোট কত টাকা খরচ হবে?
 ৮ দীপক বাজারে গিয়ে দেখল ৫ কেজি চালের দাম ২১০ টাকা, ৩ কেজি ডালের দাম ১৪৪ টাকা এবং ৩ লিটার তেলের দাম ৩২৪ টাকা।
 (ক) ১ কেজি চালের দাম কত?
 (খ) ১ কেজি চাল, ১ কেজি ডাল ও ১ লিটার তেলের দাম একত্রে কত টাকা?
 (গ) ২২৬৮ টাকায় কত লিটার তেল পাওয়া যাবে?
 ৯। আবু বকর বাজারে গিয়ে তিন জোড়া রুই মাছ ১৮০০টাকা দরে ও এক জোড়া তেলাপিয়া মাছ ৪০০ টাকা দরে কিনল।
 ক) ১টি রুই মাছের দাম কত?
 খ) ১টি তেলাপিয়া মাছের দাম কত?
 গ) যদি একই দামের আরও এক জোড়া তেলাপিয়া মাছ কেনা হয় তাহলে মোট কত খরচ হবে?

সংক্ষিপ্ত প্রশ্ন

- (১) $\square \div ১৩ = ১৮$ হলে খালি ঘরে কত বসবে?
 (২) $৭ \times (৮ - ৬ \div ২) =$ কত?
 (৩) $+$, $-$, \times ও \div এর মধ্যে কোনটির কাজ আগে করতে হয়?
 (৪) '০' কোন গাণিতিক প্রতীকের অন্তর্ভুক্ত?
 (৫) সম্পর্ক প্রতীক কয়টি ও কী কী?
 (৬) $৭ \times ৩ \neq ১২০ \div ৬$; উক্তিটি সঠিক না ভুল?
 (৭) প্রথম বন্ধনী কীভাবে দিতে হয়?
 (৮) $২৩০ + (৬০ + ৪০) =$ কত?
 (৯) যে প্রতীক গুলো সংখ্যা লেখার জন্য ব্যবহার করা হয় সেগুলোকে কী বলে?
 (১০) “বৃহত্তর নয়” বোঝাতে কোন প্রতীক ব্যবহার করা হয়?
 (১১) $(২০০ - ২৫) \square ৪$ $(২০০ - ২৫) \square ৪$; খালি ঘরে কোন সম্পর্ক প্রতীকটি বসালে উক্তিটি সঠিক হবে?
 (১২) ভাজক $\times \square +$ ভাগশেষ = ভাজ্য; ফাঁকা স্থানে কী হবে?
 (১৩) $৬০ \square ১২ = ২৪ \times ২$ হলে, খালিঘরে কী বসবে?

যোগ্যতাভিত্তিক প্রশ্ন

১। $৫৪ \div ৯ \div ২ = ৩২ \div (৪ \div ২)$

ক. উক্তিটির বামপক্ষ সমান কত?

খ. উক্তিটির ডানপক্ষ সমান কত?

গ. উক্তিটির সত্য না মিথ্যা যাচাই কর।

ঘ. উক্তিটির বামপক্ষের সাথে কত যোগ করলে যোগফল ডানপক্ষের সমান হবে?

২. \square ব্যবহার করে নিচের সমস্যাগুলোকে প্রকাশ কর।

ক) সম্পর্ক প্রতীক কয়টি?

খ) একটি সংখ্যাকে ৭ দ্বারা ভাগ করলে ভাগফল ৫ ও ৭ হয়?

গ) ৩ অপর একটি সংখ্যার যোগফলকে ৭ দিয়ে গুণ করলে গুণফল ৫৬ হয়?

৩। ৪ ও অপর একটি সংখ্যার যোগফলকে ৬ দিয়ে গুণ করলে গুণফল ৫৪ হয়।

ক. অপর সংখ্যাকে \square ধরে গাণিতিক বাক্য গঠন কর।

খ. অজানা সংখ্যাটি নির্ণয় কর।

গ. অজানা সংখ্যার সাথে কত যোগ করলে যোগফল ১৪ হবে?

৪। $\square + ২৩ = ১৯১$

ক. উপরোক্ত বাক্যটি কোন বাক্যের উদাহরণ?

খ. উপরোক্ত বাক্যটিকে প্রশ্নের মাধ্যমে প্রকাশ কর।

গ. খোলা বাক্য বলতে কী বুঝায়?

ঘ. $\square + ২৩ = ১৯১$ হলে, $\square =$ কত?

৫। সানি তার শিক্ষকের নিকট জানতে পারল ৫, ৭, ৩, ২, ৮ পাঁচটি অঙ্ক।

ক. অঙ্কগুলোকে ছোট থেকে বড় ক্রমে প্রতীকের মাধ্যমে লেখ।

খ. অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

গ. অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম সংখ্যার আগের ও ক্ষুদ্রতম সংখ্যার পরের সংখ্যাটি কত?

৬। মুজার কাছে কিছু এবং অপূর কাছে ৬ টি লজেন্স আছে। দুই জনের কাছে মোট ১৮ টি লজেন্স আছে।

ক) গাণিতিক বাক্য কাকে বলে?

খ) মোট কতটি লজেন্স আছে তার জন্য একটি

গাণিতিক বাক্য তৈরী কর। (যেখানে মুজার লজেন্সের সংখ্যা)

গ) খালি ঘর পূরণের জন্য অজানা সংখ্যাটি নির্ণয় কর।

৭। ব্যবহার করে নিচের সমস্যাগুলোকে প্রকাশ কর।

ক) সম্পর্ক প্রতীক কয়টি?

খ) একটি সংখ্যাকে ৭ দ্বারা ভাগ করলে ভাগফল ৫ হয়?

গ) ৩ ও ৭ এর একটি সংখ্যার যোগফলকে ৭ দিয়ে গুণ করলে গুণফল ৫৬ হয়?